

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন সালাতের ইকামত হয়ে যাবে তখন ফর্য সালাত ছাড়া সালাত নাই।

باب مَا جَاءً " إِذَا أُقِيمَت الصَّلاَةُ فَلاَ صَلاَةَ إِلاَّ الْمَكْتُوبَةُ "

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، حَدَّثَنَا زَكَرِيًا بْنُ إِسْحَاقَ، حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ، قَالَ سَمِعْتُ عَطَاءَ بْنَ يَسَارٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ فَلاَ صَلاَةَ إِلاَّ الْمَكْتُوبَةُ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ بُحَيْنَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَعَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ وَابْنِ عَبَّاسٍ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَعَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ وَابْنِ عَبَّاسٍ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ . وَهَكَذَا رَوَى أَيُّوبُ وَوَرْقَاءُ بْنُ عُمَرَ وَزِيَادُ بْنُ سَعْدِ وَإِسْمَاعِيلُ أَبِي هُرَيْرَةَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَى حَمَّادُ بْنُ زَيْدِ وَسُفْيَانُ بْنُ عُيْنَةً عَنْ عَمْرِو بْنِ لِينَارٍ فَلَمْ يُرْفَعَاهُ . وَالْحَدِيثُ الْمَرْفُوعُ أَصَحُ عِنْدَنَا . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ لِينَارٍ فَلَمْ يُرْفَعَاهُ . وَالْحَدِيثُ الْمَرْفُوعُ أَصَحُ عِنْدَنَا . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهُلُ لِينَارٍ فَلَمْ مُنْ أَصِحُوبُ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ أَنْ لاَ يُصِلِيَ لَا الْمَكْتُوبَةَ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ الْمُبَارِكِ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ الْرَجُوبُ رَوْعَ هَذَا الْوَجْهِ رَوَاهُ عَيَّاشُ بْنُ عَبَّاسٍ الْقِتْبَانِيُّ الْمَصْرِيُّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةً عَنِ النَّبِي صلى الله عليه وسلم مِنْ عَبْ النَّبِيّ صلى الله عليه وسلم مِنْ عَنْ النَّبِي صلى الله عليه وسلم نَحْ هَذَا الْوَجْهِ رَوَاهُ عَيَاشُ بْنُ عَبَّاسٍ الْقِتْبَانِيُّ الْمُصْرِيُّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةً عَنِ النَّبِي صلى الله عليه وسلم مَنْ عَبْ النَّبِي صلى الله عليه وسلم نَحْوَ هَذَا .

বাংলা

8২১. আহমদ ইবনু মানী (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যখন সালাতের ইকামত হয়ে যায় তখন ফরয সালাত (নামায/নামাজ) ছাড়া অন্য কোন সালাত নাই। - ইবনু মাজাহ ১১৫১, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৪২১ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে ইবনু বুহায়না, আবদুল্লাহ ইবনু আমর, আবদুল্লাহ ইবনু সারজিস, ইবনু আব্বাস এবং আনাস রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আয়ূব, ওয়ারকা ইবনু উমর, যিয়াদ ইবনু সা'দ, ইসমাঈল ইবনু মুসলিম এবং মুহাম্মদ ইবনু জুনাদা ও আমর ইবনু দ্বীনার (রহঃ) আতা ইবনু ইয়াসার আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

হাম্মাদ ইবনু যায়দ ও সুফইয়ান ইবনু উয়ায়না (রহঃ)-ও আমর ইবনু দ্বীনার (রহঃ) থেকে একটি রিওয়ায়াত করেছেন। কিন্তু তারা এটি মারফূ হিসাবে রিওয়ায়াত করেননি। তবে মারফূ হিসাবে বর্ণিত রিওয়ায়াতটাই আমাদের মতে অধিক সহীহ। সাহাবী এবং অন্যান্য আলিমগণ এই হাদীস অনুসারে আমল করেছেন যে, যখন সালাতের ইকামত হয়ে যায় তখন কেউ ফরয ব্যতীত কোন সালাত (নামায/নামাজ) আদায় করবে না। সুফইয়ান সাওরী, ইবনু মুবারক, শাফিন্ট, আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত ও এ-ই। এই হাদীসটি আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অন্য সনদে ও বর্ণিত আছে। আয়্যাশ ইবনু আব্বাস আল-কিতয়ানী আল-মিসরী (রহঃ)-ও আবৃ সালামা সূত্রে আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদীস বর্ণনা করেছেন।

English

Abu Hurairah narrated that:

Allah's Messenger (S) said: "When the Iqamah has been called for the Salat then there is no Salat except the obligatory."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন